



কিউবার প্রেসিডেন্টের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা



কিউবার প্রেসিডেন্ট মিগুয়েল দিয়াজ। ছবি: সংগৃহীত

কিউবার রাজনৈতিক নেতৃত্বকে লক্ষ্য করে নতুন করে কঠোর পদক্ষেপ নিয়েছে যুক্তরাষ্ট্র। দেশটির বর্তমান প্রেসিডেন্ট মিগুয়েল দিয়াজ ক্যানেল-এর ওপর একাধিক নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।

বৃহস্পতিবার (৪ জুন) ওয়াশিংটন থেকে এই সিদ্ধান্তের ঘোষণা দেওয়া হয়। শুধু প্রেসিডেন্টই নন, তার স্ত্রীসহ ঘনিষ্ঠ সহযোগী এবং সংশ্লিষ্ট আরও কয়েকজন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধেও এই নিষেধাজ্ঞা কার্যকর করা হয়েছে।

এই পদক্ষেপের পর কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন কিউবার প্রেসিডেন্ট। এক বিবৃতিতে তিনি বলেন, দুই দেশের মধ্যে চলমান উত্তেজনা আরও বাড়ানো এবং রাজনৈতিক চাপ সৃষ্টি করাই এই সিদ্ধান্তের মূল উদ্দেশ্য।

বিশ্লেষকদের মতে, ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের সময় থেকে কিউবার ওপর যে কঠোর নীতি গ্রহণ করা হয়েছিল, তারই ধারাবাহিকতা হিসেবে এ ধরনের পদক্ষেপ অব্যাহত রয়েছে। দীর্ঘদিন ধরেই কিউবার কমিউনিস্ট শাসনব্যবস্থাকে দুর্বল করার লক্ষ্যে অর্থনৈতিক অবরোধ ও নিষেধাজ্ঞা দিয়ে আসছে যুক্তরাষ্ট্র।

এর আগে সাবেক কিউবান প্রেসিডেন্ট রাউল কাস্ত্রোর বিরুদ্ধেও বিভিন্ন অভিযোগ ও আইনি প্রক্রিয়ার উদ্যোগ নিয়েছিল যুক্তরাষ্ট্র।